

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৫

কুমারঘাট, ১২ এপ্রিল, ২০২৪

বিবু উৎসবের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন

মাছমারার লেদ্রাই দেওয়ান উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় মাঠে গতকাল চাকমা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিবু উৎসবের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন হয়। এ উপলক্ষে মাছমারায় পাঁচদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিবু উৎসবের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা রাজ্য চাকমা সামাজিক পরিষদের রাজ্য সভাপতি দেবযান চাকমা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গঙ্গা প্রসাদ প্রসেইন। উদ্বোধনী অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেন, আমাদের দেশে ও রাজ্যে বিভিন্ন জাতি, জনজাতি সম্প্রদায়ের ভিন্ন ভিন্ন ভাষা ও সংস্কৃতি রয়েছে। রাজ্যের জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতির ঐতিহ্য খুবই সমৃদ্ধ। জনজাতিদের নতুন প্রজন্মকে তাদের ভাষা ও সংস্কৃতির বিকাশে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, চাকমা সম্প্রদায়ের নিজস্ব লিপি রয়েছে। চাকমা ভাষায় সাহিত্য চর্চার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ আর্মির অবসর প্রাপ্ত কর্নেল তথা লেখক পরিমল বিকাশ চাকমা, মায়ানমারের বিশিষ্ট সমাজসেবী জ্যোতিপালা ভিক্ষু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিমল কান্তি দেওয়ান। স্বাগত বক্তব্য রাখেন বিবু উৎসবের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের সাংগঠনিক কমিটির সাধারণ সম্পাদক সজল বিকাশ চাকমা। পাঁচ দিনব্যাপী উৎসবে রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান, কবি সম্মেলন ও আলোচনা সভা। সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ সহ বিভিন্ন রাজ্যের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন। বিবু উৎসব ও মেলা উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মন্ডপও খোলা হয়েছে।
